গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০৭.০০৬.২৬/৪৬৮ তারিখ: ০৬.০৯.২০২৬।

# প্যানেল আইনজীবী পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়ের আওতায় মহামান্য সুপ্রীম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে মামলাসমূহ যথাযথভাবে সরকার পক্ষে পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতায় বিজ্ঞ সরকারি আইনজীবীকে সহযোগিতা করার জন্য নিম্নসংখ্যক আইনজীবীর প্যানেলভুক্তির লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে

| প্যাকেজ নং | আদালত | রেলওয়ে অঞ্চল | আইনজীবির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| BRPCS 1 | আপীল বিভাগ | পূর্বাঞ্চল | ২ | আগ্রহী এবং যোগ্যতাসম্পন্নদের মধ্য হতে বর্ণিত সর্বোচ্চ সংখ্যক আইনজীবী প্রাথমিকভাবে ৩ (তিন) বছরের জন্য প্যানেলভুক্ত করা হবে। |
| BRPCS 2 | হাইকোর্ট বিভাগ | পশ্চিমাঞ্চল | ৮ | |
| BRPCS 3 | | পূর্বাঞ্চল | ১২ | |

আবেদনের শর্তাবলী নিম্নরূপঃ

১) ইতোমধ্যে গত ০৫.০৩.২০২৫ তারিখে প্রকাশিত প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি নং- ৫৪.০১.০০০০.০১৩.০০৭.০৯.২৫-১৩৫ তারিখঃ ০৫.০৩.২০২৫ এর বিপরীতে যে সকল প্রার্থী আবেদনপত্র জমা দিয়েছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে যদি কেউ তার অভিজ্ঞতা হালনাগাদ করতে চান তিনি পুনরায় আবেদন করতে পারেন।

২) বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তুতকৃত নমুনা আবেদন (জীবনবৃত্তান্ত) ফরম এবং প্যানেল আইনজীবীগণের কর্মপরিধি (Terms of Reference) ওয়েবসাইটে (www.railway.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড/অনুরূপ ছক যথাযথ পূরণপূর্বক আবেদন করা যাবে।

৩) আগ্রহী আইনজীবীগণকে আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত সনদ, বার কাউন্সিল সনদ, প্রযোজ্য হাইকোর্ট/আপীল বিভাগে অন্তর্ভুক্তির সনদ এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৪) প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। আবেদনের শেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬০ (ষাট) বছর। তবে অবসরপ্রাপ্ত জেলাজজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৫) একজন আবেদনকারী একাধিক প্যাকেজে প্যানেলভুক্তির জন্য আলাদাভাবে আবেদন করতে পারবেন। তবে যোগ্য বিবেচিত হলে কেবলমাত্র একটি প্যাকেজের বিপরীতে প্যানেলভুক্ত হবেন।

৬) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৭) আবেদনকারী অন্য কোন সরকারি প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত বা অভিজ্ঞতা থাকলে প্রমানক দাখিল সাপেক্ষে অগ্রাধিকার দেয়া হবে।

৮) প্রাপ্ত আবেদনসমূহ পিপিআর-২০২৫ অনুযায়ী যাচাই-বাছাই করে প্রতিটি প্যাকেজের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতা সম্পন্ন (সর্বোচ্চ) প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রণয়ন এবং সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক সাক্ষাৎকারের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। প্রার্থীগণের যোগ্যতা (জীবন বৃত্তান্ত) বাছাইয়ে নম্বর বন্টন নিম্নরূপঃ

| ক্রম | বিষয় | প্রদত্ত নম্বর | সর্বনিম্ন যোগ্যতার নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ২৫ | ১৮ (স্নাতক) | স্নাতকোত্তরঃ ২২ এবং ব্যারিস্টার-অ্যাট-লঃ ২৫ |
| ২ | অভিজ্ঞতাঃ (মোট নম্বর-৭০) | | | |
| ৩ | আইনজীবী হিসেবে সাধারণ অভিজ্ঞতা | ২০ | ১৫ (৫ বছর) | পেশাগত অভিজ্ঞতা ৫-১০ বছরঃ ১৬-১৯ নম্বর; ১০ বছরের অধিক হলে পূর্ণ নম্বর। **অনুচ্ছেদ-৬** তে বর্ণিত অভিজ্ঞতা ন্যূনতম বিবেচনায় অধিকতর যোগ্যতা মূল্যায়ন করা হবে। |
| ৪ | সুনির্দিষ্ট অভিজ্ঞতা (হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ) | ৪৫ | ৩৩ | |
| ৫ | প্যানেল আইনজীবীর অভিজ্ঞতা | ৫ | ৪ (১ বছর) | ২ বছরের অধিক হলে পূর্ণ নম্বর |
| | মোটঃ | ৯৫ | ৭০ | সাক্ষাৎকারের জন্য ন্যূনতম পাশ নম্বর ৭০। |

৯) মৌখিক সাক্ষাৎকারে ৫ (পাঁচ) নম্বর বরাদ্দ থাকবে এবং সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে (প্রাপ্তি সাপেক্ষে) প্রতিটি প্যাকেজের বিপরীতে বর্ণিত সংখ্যক আইনজীবী প্যানেলভুক্ত হিসেবে নিয়োগ (অস্থায়ী) প্রদান করা হবে।

১০) রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত) এবং নির্ধারিত কর্মপরিধি অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীর নিয়োগ/চুক্তি পরিচালনা এবং সম্মানী/ভাতাদি প্রদত্ত।

১১) আগামী ০৪.১০.২০২৬ খ্রি: তারিখ অফিস সময়ে বিকাল ২:০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে এবং আহবায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি, রেলভবন (কক্ষ নং- ৪০১), ঢাকা বরাবরে আবেদন পত্র ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচিত হবে না।

১২) রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নীতিমালা আপলোড করা রয়েছে। আগ্রহী প্রার্থীগণ আইনজীবী প্যানেলভুক্তি সম্পর্কিত কোন তথ্যের বিষয়ে জমাদান সময়সীমার অন্তত ৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ই-মেইলে (dirp@railway.gov.bd ও ddprocur@railway.gov.bd) বা অফিস সময়ে সরাসরি কক্ষ নং-৪০৭, রেলভবন, ঢাকায় যোগাযোগ করতে পারবেন।

১৩) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আইনজীবী প্যানেলভুক্ত সম্পর্কিত কার্যক্রম আংশিক/সম্পূর্ণরূপে স্থগিত বা বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেলভুক্তির (নিয়োগ) ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৭/৯/২৫

(আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান)
অতিঃমহাপরিচালক (অবকাঠামো)
এবং আহবায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি
বাংলাদেশ রেলওয়ে।
ফোনঃ ০২-৪১০৫০৯২৭ (অফিস)

(ছবি সংযুক্ত করুন)

# মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে কার্যালয়ের আইনজীবী প্যানেলভুক্তির নমুনা আবেদন (জীবনবৃত্তান্ত) ফরমঃ

| | | |
|---|---|---|
| আগ্রহী আদালতের নামঃ | মহামান্য সুপ্রীম কোর্টেরঃ | হাইকোর্ট বিভাগ / আপীল বিভাগ। *(অপ্রয়োজনীয় অংশ কেটে দিন)* |
| আগ্রহী অঞ্চলের নামঃ | বাংলাদেশ রেলওয়েঃ | পশ্চিমাঞ্চল / পূর্বাঞ্চল। *(অপ্রয়োজনীয় অংশ কেটে দিন)* |

***(বি.দ্র. একাধিক আবেদনের ক্ষেত্রে আলাদাভাবে আবেদন করার অনুরোধ করা হলো)***

| | | | | |
|---|---|---|---|---|
| ১। আবেদনকারীর নামঃ | | | | |
| ২। পিতার নামঃ | | | | |
| ৩। মাতার নামঃ | | | | |
| ৪। জন্ম তারিখঃ | | | | |
| ৫। জাতীয় পরিচয় পত্র নম্বরঃ | | | | |
| ৬। আবেদন দাখিলের সর্বশেষ তারিখে বয়সঃ | বছরঃ | মাসঃ | দিনঃ | |
| ৭। স্থায়ী ঠিকানাঃ | | | | |
| ৮। বর্তমান/যোগাযোগের ঠিকানাঃ | | | | |
| ৯। চেম্বারের ঠিকানাঃ | | | | |
| ১০। অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেলভুক্তির তথ্যঃ | *(প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, চুক্তির মেয়াদ এবং পরিচালিত/চলমান মামলার সংখ্যা)* | | | |
| ১১। শিক্ষাগত যোগ্যতার তথ্যঃ (প্রয়োজনে সারি সংযুক্ত করতে পারবেন) | **ডিগ্রীর নাম** | **পাশের সন** | **প্রতিষ্ঠানের নাম** | **ফলাফল** |
| | ব্যারিস্টার-অ্যাট-ল | | | |
| | এলএলএম | | | |
| | এলএলবি | | | |
| | এইচএসসি বা সমমান | | | |
| | এসএসসি বা সমমান | | | |
| ১২। আইন পেশায় অন্তর্ভূক্তির তারিখঃ (প্রযোজ্য নিম্ন আদলতের অর্ন্তভূক্তি) | *(পেশাগত সাধারণ অভিজ্ঞতার জন্য প্রযোজ্য, যেমন- বার কাউন্সিলের সদস্য সনদ)* | | | |
| ১৩। হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখঃ (হাইকোর্ট বিভাগে তালিকাভুক্তির জন্য আবশ্যক) | | | | |
| ১৪। হাইকোর্ট বিভাগের প্রাকটিসের অভিজ্ঞতাঃ | *(উল্লেখযোগ্য মামলার সংক্ষিপ্ত বিবরণসহ কত বছরে কতগুলো মামলা পরিচালনা করেছেন, উল্লেখ করতে পারেন)* | | | |
| ১৫। আপীল বিভাগে এনরোলমেন্টের তারিখঃ (আপীল বিভাগে তালিকাভুক্তির জন্য আবশ্যক) | | | | |
| ১৬। আপীল বিভাগের প্রাকটিসের অভিজ্ঞতাঃ | *(উল্লেখযোগ্য মামলার সংক্ষিপ্ত বিবরণসহ কত বছরে কতগুলো মামলা পরিচালনা করেছেন, উল্লেখ করতে পারেন)* | | | |
| ১৭। বিশেষ যোগ্যতা বা অভিজ্ঞতাঃ (যদি থাকে) | | | | |
| ১৮। ফোন/মোবাইল নম্বরঃ | *(বিকল্প মোবাইল নম্বরসহ উল্লেখ করতে পারেন)* | | | |
| ১৯। ই-মেইলঃ | *(ইংরেজি Capital Letter এ লিখুন)* | | | |
| 20। সংযুক্ত প্রমাণকের তালিকাঃ (অবসরপ্রাপ্ত জেলা জজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীগণ সংশ্লিষ্ট অনুরূপ প্রমাণ দিতে পারেন) | ব্যক্তিগতঃ *(যেমন- জন্মসনদ, জাতীয় পরিচয় পত্র, পাসপোর্ট সাইজ ছবি ইত্যাদি)*<br>শিক্ষাগতঃ *(যেমন- এলএলএম, এলএলবি, এইচএসসি, এসএসসি ইত্যাদি)*<br>পেশাগতঃ *(যেমন- বার কাউন্সিল সনদ, হাইকোর্টে তালিকাভুক্তি, আপীল বিভাগে তালিকাভুক্তি ইত্যাদি)*<br>অভিজ্ঞতাঃ *(যেমন- প্যানেল আইনজীবীর নিয়োগ/চুক্তিপত্রে কপি, পেশাগত কোন পুরস্কারের সনদ ইত্যাদি)* | | | |

***দৃষ্টি আকর্ষণঃ Italic অক্ষরে লেখাসমূহ ফরম পূরণের সুবিধার্থে দেয়া হয়েছে; যা পূরণের সময় বাদ দিতে অনুরোধ করা হলো।***

আমি...................................... নিম্ন-স্বাক্ষরকারী প্রত্যয়ন করছি যে, উপর্যুক্ত তথ্যাদি আমার জানামতে সঠিক ও নির্ভুল এবং কোনো অসত্য তথ্য পাওয়া গেলে আমার আবেদন বা প্যানেলভুক্তি(নিয়োগ) তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

তারিখঃ

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও সীল (Seal)

# বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবীর (আপীল ও হাইকোর্ট বিভাগ) কর্মপরিধি
## (Terms of Reference)

### ১। পটভূমি

বাংলাদেশ রেলওয়ে দেশের সর্ববৃহৎ রাষ্ট্র পরিচালিত পরিবহন সংস্থা। বাংলাদেশ রেলওয়ে পূর্ব ও পশ্চিমাঞ্চলে বিভক্ত হয়ে দেশের বিস্তৃত অঞ্চলজুড়ে পরিবহন সেবা প্রদান করে থাকে। বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন প্রায় ৬২ হাজার একরের অধিক ভূমি রয়েছে। বাংলাদেশ রেলওয়ের ভূমির মালিকানা, প্রশাসনিক ও পরিচালনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ও আপীল বিভাগ এবং বিভিন্ন দেওয়ানী আদালত ও প্রশাসনিক ট্রাইব্যুনালে বর্তমানে বাংলাদেশ রেলওয়ের বেশকিছু সংখ্যক মামলা চলমান রয়েছে এবং প্রতিনিয়তই মামলার সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। বাস্তবতার প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ের নিজস্ব ব্যবস্থাপনায় পাবলিক প্রসিকিউটরের মাধ্যমে মামলাসমূহ সময়মত ও সুষ্ঠভাবে পরিচালনা করা অসম্ভব হয়ে পড়েছে। ফলশ্রুতিতে রেলপথ মন্ত্রণালয় হতে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালার অধীনে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চল (পূর্ব ও পশ্চিম) এবং প্রধান কার্যালয়, মহাপরিচালকের কার্যালয়, রেলভবন, ঢাকার জন্য অর্থ বিভাগের সম্মতি সাপেক্ষে সুনির্দিষ্ট সংখ্যক প্যানেল আইনজীবী নিয়োগের অনুমোদন দেওয়া হয়। বাংলাদেশ রেলওয়ের প্রধান কার্যালয় তথা মহাপরিচালকের কার্যালয়, রেলভবন, ঢাকার আওতায় উভয় অঞ্চলের (পূর্ব ও পশ্চিম) জন্য মহামান্য সুপ্রীম কোর্টের আপীল ও হাইকোর্ট বিভাগের জন্য যথাক্রমে ৪ (চার) জন ও ২০ (বিশ) জন আইনজীবী নিয়োগের সংস্থান রয়েছে। তাই, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয় মহামান্য সুপ্রীম কোর্টের আপীল ও হাইকোর্ট বিভাগে বাংলাদেশ রেলওয়ের মামলাসমূহ সঠিকভাবে পরিচালনার স্বার্থে নীতিমালা অনুযায়ী যোগ্যতাসম্পন্ন বিজ্ঞ আইনজীবীর প্যানেল নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্যানেল আইনজীবী নিয়োগের মাধ্যমে মামলাসমূহ দ্রুত ও সঠিকভাবে নিষ্পত্তি করা সম্ভব হবে।

### ২। নীতিমালা

"রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)"- এর আওতায় বিজ্ঞ আইনজীবীদের প্যানেল নিয়োগ এবং নিয়োজিত (অস্থায়ী) আইনজীবীর চুক্তির শর্তাবলী নির্ধারিত হবে। নীতিমালার আলোকে আইনজীবীদের যোগ্যতা Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিবৃত্তিক সেবাগ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণে বাছাইপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্তকরণের সুপারিশ প্রণয়ন করা হবে।

### ৩। উদ্দেশ্য

মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ এবং হাইকোর্ট বিভাগ ও প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালে বাংলাদেশ রেলওয়ের পক্ষে মামলাসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মামলা সংক্রান্ত যাবতীয় কাজ পরিচালনা।

### ৪। চুক্তি পরিচালনা

নিয়োগের (অস্থায়ী ভিত্তিতে) সুপারিশকৃত আইনজীবীগণ বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়, যুগ্ম-মহাপরিচালক (পার্সোনেল) দপ্তরের সিনিয়র আইন কর্মকর্তা বা আইন কর্মকর্তা, রেলভবন, ঢাকার সাথে চুক্তিবদ্ধ হবেন এবং তাদের সম্মানী ও ভাতাদি মহাপরিচালকের পরিচালন বাজেটের আওতায় উক্ত দপ্তরের মাধ্যমে নির্বাহ করা হবে। চুক্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াদি উক্ত দপ্তরের মাধ্যমে পরিচালিত হবে।

### ৫। সেবার বিবরণ

বাংলাদেশ রেলওয়ের প্রধান কার্যালয় তথা মহাপরিচালকের কার্যালয়ের জন্য নিযুক্ত প্যানেল আইনজীবীগণ বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট আইন কর্মকর্তা এবং অ্যাটর্নি জেনারেল দপ্তরের সাথে সমন্বয় করে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের (প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালসহ) মামলা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করবেন। মামলা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সিনিয়র আইন কর্মকর্তা বা আইন কর্মকর্তা, রেলভবন, ঢাকার চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাজের অগ্রগতি প্রতিবেদন জমা দিবেন। মামলা সংক্রান্ত পেপার বুক তৈরীসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব প্রস্তুত, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেওয়ার যাবতীয় কাজ নিয়োগকৃত প্যানেল আইনজীবীর মাধ্যমে সম্পাদন করা হবে। নিয়োজিত এবং দায়িত্বপ্রাপ্ত আইনজীবীগণের সংক্ষিপ্ত দায়িত্ব নিম্নরূপঃ

(ক) আপীল বিভাগঃ

- ✓ সরকারের নির্দেশনা মোতাবেক রিভিউ পিটিশন দায়ের ও পরিচালনা।
- ✓ নির্দেশনা মোতাবেক সিভিল পিটিশন/সিভিল মিসসিলিনিয়াস পিটিশন/ সিভিল পিটিশন ফর লীপ টু আপীল ইত্যাদির পেপার প্রস্তুতসহ ড্রাফটিং এবং ফাইলিং।
- ✓ এফিডেভিট ইন-অপজিশন/কাউন্টার এফিডেভিট।
- ✓ ঘটনার প্রকৃত বিবরণী/দফাওয়ারী জবাব প্রস্তুত এবং আদালতে উপস্থাপন।
- ✓ যে কোন ইন্টারলোকুটরি আবেদন/বিবরণ।

- ✓ শুনানীতে অংশ গ্রহণ।
- ✓ পেপার বুক প্রস্তুত।
- ✓ আইন সংক্রান্ত বিষয়ে আইনী মতামতসহ বিভিন্ন প্রয়োজনে আইনী সহায়তা প্রদান।
- ✓ দায়িত্বপ্রাপ্ত মামলা সংশ্লিষ্ট অন্যান্য প্রয়োজনীয় কার্যাবলী।

(খ) হাইকোর্ট বিভাগঃ

- ✓ বাংলাদেশ রেলওয়ে তথা সরকারের চাহিদা মোতাবেক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দায়ের ও পরিচালনা।
- ✓ সরকারের বিপক্ষে দায়েরকৃত রিট পিটিশন পরিচালনা সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন।
- ✓ নিম্ন আদালতের রায়/আদেশের বিরুদ্ধে সিভিল রিভিশন মামলা দায়ের/পরিচালনা এবং রেলওয়ে তথা সরকার কর্তৃক দায়েরকৃত সিভিল রিভিশন মামলা পরিচালনা সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।
- ✓ আদালতে যে কোন মামলার ড্রাফটিং এবং ফাইলিং।
- ✓ শুনানীতে অংশ গ্রহণ।
- ✓ ঘটনার প্রকৃত বিবরণী/দফাওয়ারী জবাব আদালতে উপস্থাপন/এফিডেভিট ইন-অপজিশন/কাউন্টার এফিডেভিট।
- ✓ যে কোন ইন্টারলোকুটরি এপ্লিকেশন (নিষেধাজ্ঞা চেয়ে পিটিশন/পিটিশন ফর এটাচম্যান্ট)
- ✓ কোর্টের রায়, আদেশ প্রভৃতির সার্টিফাইড কপি উত্তোলন এবং সংরক্ষণ।
- ✓ আইন সংক্রান্ত বিষয়ে আইনী মতামতসহ বিভিন্ন প্রয়োজনে আইনী সহায়তা প্রদান।
- ✓ দায়িত্বপ্রাপ্ত মামলা সংশ্লিষ্ট অন্যান্য প্রয়োজনীয় কার্যাবলী।

(গ) প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনালঃ

- ✓ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায়ের বিরুদ্ধে আপীল দায়ের সংক্রান্ত যাবতীয় কাজ।
- ✓ রেলওয়ে প্রশাসনের বিরুদ্ধে দায়ের কৃত আপীল পরিচালনা সংক্রান্ত যাবতীয় কাজ।
- ✓ শুনানীতে অংশগ্রহণ।
- ✓ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায়/আদেশের সার্টিফাইড কপি উত্তোলন।
- ✓ প্রশাসনিক ট্রাইব্যুনালের রায়/আদেশের বিরুদ্ধে নিষেধাজ্ঞা চেয়ে আবেদন।
- ✓ মামলা চলাকালীন সময়ে রেলওয়ে প্রশাসনের বিরুদ্ধে অন্তর্বর্তীকালীন কোন আদেশ হলে উহার সার্টিফাইড কপি উত্তোলনপূর্বক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- ✓ মামলা চলাকালীন যেকোন পর্যায়ে মতামত চাওয়া সাপেক্ষে আইনি মতামত প্রদান।

## ৫। আইনজীবীর যোগ্যতা ও অভিজ্ঞতা

বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়ের জন্য মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভূক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীর নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবেঃ

(ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ডিগ্রী।
(খ) প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬০ (ষাট) বছর। তবে অবসরপ্রাপ্ত জেলা জজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
(গ) বার কাউন্সিলের সনদ।
(ঘ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(ঙ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
চ) প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তি/অভিজ্ঞতা অগ্রাধিকার পাবে।

## ৬। চুক্তির (প্যানেলভুক্তি) মেয়াদ ও শর্তাবলী

"রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)"-এর আওতায় প্যানেল আইনজীবীগণ ৩(তিন) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত (অস্থায়ীভাবে) হবেন এবং উভয়পক্ষের সম্মতিতে নিয়োগ প্রতি ২ (দুই) বছরের জন্য নবায়ন করা যেতে পারে। কিন্তু, চুক্তি/প্যানেলভুক্তির মেয়াদ নিয়োগকৃত প্যানেল আইনজীবীর সেবা প্রদান ও সন্তুষ্টির ওপর বাড়ানো/কমানো যেতে পারে। চুক্তির (প্যানেলভুক্তি) অন্যান্য শর্তাবলী "রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত)"- অনুযায়ী নির্ধারিত হবে।

## ৭। নিয়োগ প্রক্রিয়া

অনুমোদিত নীতিমালার আলোকে আইনজীবী প্যানেলভুক্তি/নিয়োগের জন্য ২টি জাতীয় (১টি বাংলা ও ১টি ইংরেজি) পত্রিকায় আগ্রহব্যক্তকরণের বিজ্ঞপ্তি আহবানকরতঃ যোগ্যতাসম্পন্ন আইনজীবীগণকে প্যানেলভূক্ত করা হবে।

২৭৮

৮। **নির্ধারিত ভাতা**

রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত) অনুযায়ী প্যানেল আইনজীবীদের ভাতা নিম্নরূপ নির্ধারিতঃ

| ক্রম | আদালতের নাম | কাজের ধরন | নির্ধারিত ভাতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ | ক) পেপার বুক তৈরীসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেওয়ার যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ) = ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>খ) প্রকৃত ব্যয়।<br>গ) ১৫,০০০/- (পনের হাজার) টাকা। | ভ্যাট ও আয়কর কর্তনের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান প্রযোজ্য হবে। |
| | ঐ | ক) বিশেষ আবেদন শুনানী বাবদ (প্রতি মামলা)<br>খ) বিশেষ আবেদন প্রস্তুতির জন্য কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা) | ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ) = ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা।<br>খ) প্রকৃত ব্যয়। | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানীর জন্য প্রস্তুত তবে শুনানী হয়নি (প্রতিদিনের হাজিরা) | ১,০০০/- (এক হাজার) টাকা। | ঐ |
| ২ | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ | ক) পেপার বুক তৈরীসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেওয়ার যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ) = ১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>খ) প্রকৃত ব্যয়।<br>গ) ১০,০০০/- (দশ হাজার) টাকা। | ঐ |
| | প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল | ক) পেপার বুক তৈরীসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেওয়ার যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ) = ৪,০০০/- (চার হাজার) টাকা।<br>খ) প্রকৃত ব্যয়।<br>গ) ৪,০০০/- (চার হাজার) টাকা। | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানীর জন্য প্রস্তুত তবে শুনানী হয়নি (প্রতিদিনের হাজিরা) | ৫০০/- (পাঁচশত) টাকা। | ঐ |
| ৩ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ/প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল | রায়ের সার্টিফিকেট কপি উত্তোলন | প্রকৃত ব্যয়। | ঐ |

৯। **অস্পষ্টতা দূরীকরণ**

কর্মপরিধির কোন বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে বা নীতিমালার সাথে সাংঘর্ষিক বিষয় উদ্ভব হলে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১ (সংশোধিত) প্রাধান্য পাবে এবং যেকোন ব্যাখ্যার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। **উপসংহার**

বর্ণিত নীতিমালার আলোকে প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভূক্তির নিমিত্ত আগ্রহব্যক্তকারী আইনজীবীগন সুপারিশকৃত হওয়ার পর বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়, যুগ্ম-মহাপরিচালক (পার্সোনেল) দপ্তরের সিনিয়র আইন কর্মকর্তা বা আইন কর্মকর্তা সাথে চুক্তিবদ্ধ হয়ে বাংলাদেশ রেলওয়ের পক্ষে মামলা পরিচালনার দায়িত্বভার গ্রহণ করবেন।

৫/৬/২৫